JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/11/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

জাতীয় প্রকাশিত হওয়া দিবসে (NATIONAL COMING OUT DAY), গভর্নর কুওমো গৃহহীন যুবকদের তত্ত্বাবধান করে এমন সংস্থাকে LGBT পারদর্শিতা প্রশিক্ষণ সম্পন্ন করা বাধ্যতামূলক করে আইনে স্বাক্ষর করেছেন

গভর্নর কুওমো: "এটি অনস্বীকার্য যে তারা যেমন সেভাবে তাদেরকে গ্রহণ করতে তাদের পরিবার অস্বীকার করার কারণে অস্বাভাবিক সংখ্যক LGBT শিশুরা গৃহহীন সংস্থাগুলোর তত্ত্বাবধানে পৌঁছায়। এই কারণে, যারা প্রতিদিন এই অল্পবয়স্ক লোকেদের দেখাশোনা করেন সেই সকল প্রাপ্তবয়স্করা LGBT যুবকদের নির্দিষ্ট বিষয়গুলো বোঝার জন্য প্রয়োজনীয় সরঞ্জাম এবং তথ্য দিয়ে সজ্জিত তা নিশ্চিত করা সাধারণ জ্ঞান। জাতীয় প্রকাশিত হওয়া দিবসে এই পদক্ষেপটিকে স্বাক্ষর প্রদানের মাধ্যমে আইনে পরিণত করতে পেরে এবং আরো একবার LGBT কমিউনিটিকে নিউ ইয়র্ক স্টেট যে তাদের সমর্থন করে সেটি প্রদর্শন করে পেরে আমি বিশেষভাবে গর্বিত।"

জাতীয় প্রকাশিত হওয়া দিবসে, গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো গৃহহীন যুবকদের কে Lতত্ত্বাবধান করে এমন সংস্থা LGBT পারদর্শিতা প্রশিক্ষণ সম্পন্ন করা বাধ্যতামূলক করে আইনে (S.1481A/A.3619) স্বাক্ষর করেছেন। লিঙ্গ পরিচয় এবং যৌন দৃষ্টিভঙ্গি সম্পর্কে কথা বলার সময় সঠিক পরিভাষা ব্যবহারের উপর বিশেষ জোর দিয়ে, আশ্রয়কেন্দ্রে অন্যান্য যুবকদের হোমোফোবিয়া এবং ট্রান্সফোবিয়াকে মোকাবেলা করে, এবং LGBT তরুন তরুনীর পরিবারকে সমর্থন সহ নতুন আইনের অধীনে, নিউইয়র্ক স্টেটের কর্মসূচী এবং সংস্থার সমস্ত কর্মচারী যারা পলাতক বা গৃহহীন যুবকদের তত্ত্বাবধান করে তাদের লেসবিয়ান, গে, বাইসেক্সুয়াল এবং ট্রান্সজেন্ডার তরুন তরুনীদের প্রয়োজন এবং সমস্যার উপর প্রশিক্ষণ নিতে হবে।

"এটা অনস্বীকার্য যে LGBT শিশুদের একটি সঙ্গতিহীন সংখ্যা গৃহহীন সংগঠনের সেবায় শেষ হয়ে গেছে কারণ তাদের পরিবার তাদের গ্রহণ করতে অস্বীকৃতি জানিয়েছে", **গভর্নর কুওমো বলেন।** "এই কারণে, যারা প্রতিদিন এই অল্পবয়স্ক লোকেদের দেখাশোনা করেন সেই সকল প্রাপ্তবয়স্করা LGBT যুবকদের নির্দিষ্ট বিষয়গুলো বোঝার জন্য প্রয়োজনীয় সরঞ্জাম এবং তথ্য দিয়ে সজ্জিত তা নিশ্চিত করা সাধারণ জ্ঞান। জাতীয় প্রকাশিত হওয়া দিবসে এই পদক্ষেপটিকে স্বাক্ষর প্রদানের মাধ্যমে আইনে পরিণত করতে পেরে এবং আরো একবার LGBT কমিউনিটিকে নিউ ইয়র্ক স্টেট যে তাদের সমর্থন করে সেটি প্রদর্শন করে পেরে আমি বিশেষভাবে গর্বিত।"

সিনেটর ব্র্যাড হয়েলম্যান বলেন, "এটা জাতীয় প্রকাশিত হওয়া দিবস, যা আমাদের গৃহহীন LGBTQ তরুণদের সাহায্য করার উদ্দেশ্যে পদক্ষেপ গ্রহণ করার উপযুক্ত সময়। আশ্রয়কেন্দ্রের গৃহহীন বা পালানো তরুণদের প্রায় 40% LGBTQ হিসেবে চিহ্নিত। প্রকৃতপক্ষে, LGBTQ তরুন তরুনীদের তাদের সমবয়সী বন্ধুদের থেকে গৃহহীন হবার ঝুঁকি দ্বিগুন। অতএব, আমাদের আশ্রয় ব্যবস্থাটির এই যুবকদের মুখোমুখি হওয়া স্বতন্ত্র চ্যালেঞ্জগুলোর পরিচালনা করতে সজ্জিত হওয়া জরুরি। এই নতুন আইনের মাধ্যমে স্টেট জুড়ে পালিয়ে যাওয়া ও গৃহহীন তরুন তরুনীদের পরিষেবা সরবরাহকারী সংস্থাগুলো অবশেষে LGBTQ বাচ্চাদেরকে তাদের প্রাপ্য মর্যাদা ও সহনশীলতার সঙ্গে সেবা প্রদান করার জন্য যে হাতিয়ার প্রয়োজন, তা পাবে। LGBTQ কমিউনিটির দীর্ঘকালের সমর্থক, গভর্নর অ্যান্ড্রু কুওমোকে, এই গুরুত্বপূর্ণ বিলটিকে আইনে পরিণত করায় আমরা কৃতজ্ঞতা জানাই, পাশাপাশি সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা আন্দ্রেয়া স্টুয়ার্ট-কাজিনস এবং আমার সিনেটিয় কলিগদেরকে LGBTQ অধিকারে তাদের দৃঢ় সমর্থনের জন্যে, এবং এর সাথে অ্যাসেম্বলি স্পন্সর, ফেলিক্স অরটিযকে।"

অ্যাসেমব্লী সদস্য ফেলিক্স অর্টিজ বলেছেন, "পালানো এবং গৃহহীন তরুণদের অনন্য সমস্যা রয়েছে যেগুলোতে বিশেষ মনোযোগ প্রদান করা প্রয়োজন। LGBTQ তরুন তরুনীদের সাথে কাজ করা কর্মীদের বিশেষ প্রশিক্ষণ আবশ্যিক করার আমার আইনে গভর্নর কুওমোর অনুমোদন একটি গুরুত্বপূর্ণ অগ্রগামী পদক্ষেপের প্রতিনিধিত্ব করে। আমাদেরকে অবশ্যই দুর্বলদের সহায়তা করতে হবে এবং তাদের রক্ষা করতে হবে।"

শিশু ও পরিবার সেবা দপ্তরের কমিশনার শিলা জে. পুল বলেন, "দুঃখজনভাবে, LGBTQ+ তরুন তরুনীদেরকে পালিয়ে যাওয়া এবং গৃহহীনদের আশ্রয়স্থলে অসামঞ্জস্যপূর্ণভাবে প্রতিনিধিত্ব করা হয়। LGBTQ+ তরুন কমিউনিটির অনন্য চাহিদার দিকে মনোযোগ দেয়ার মাধ্যমে, এই পদক্ষেপটি স্থানীয় পালিয়ে যাওয়া ও গৃহহীন তরুন তরুনী কর্মসূচির অনুশীলনকে একটি ইতিবাচক ও সহায়ক পরিবেশ সৃষ্টিকে বিধিবদ্ধ করে। আমি নিউ ইয়র্কবাসীর এই অত্যন্ত অরক্ষিত জনসংখ্যার জন্য এটিকে আইনে পরিণত করায় গভর্নর কুওমোকে সাধুবাদ জানাই।"

সেন্টার ফর আমেরিকান প্রোগ্রেস (Center for American Progress)-এর মতে, মার্কিন যুক্তরাষ্ট্রের 20 থেকে 40 শতাংশ পালানো বা গৃহহীন তরুণ LGBT, তুলনায় সামগ্রিক ভাবে যুব জনসংখ্যার মাত্র 5 থেকে 10 শতাংশ। LGBT তরুণরা প্রায়ই গৃহহীন অবস্থায় পড়ে যায় কারণ বাবা-মায়েরা তাদের যৌন অভিমুখিতা কিংবা লিঙ্গ পরিচয় গ্রহণ করে না। পরিবারগুলির কাছ থেকে এই প্রত্যাখ্যান মানসিক স্বাস্থ্য সম্পর্কিত সমস্যাগুলির দিকে পরিচালিত করে, যার মধ্যে রয়েছে অ্যালকোহলের অপব্যবহার এবং নাটকীয়ভাবে আত্মহত্যার প্রচেষ্টার বৃদ্ধি পাওয়া। নিউ ইয়র্কে একজন লেসবিয়ান বা গে-র গৃহহীন হয়ে পড়ার গড় বয়স 14.4 বছর, অন্যদিকে নিউ ইয়র্কের একজন ট্রান্সজেন্ডার তরুন তরুনীর গৃহহীন হওয়ার গড় বয়স 13.5 বছর। বৈষম্যের কারণে LGBT তরুন তরুনীদের স্কুল থেকে ঝরে পড়ার সম্ভাবনা অনেক বেশি।

তাঁর পুরো প্রশাসন জুড়েই, গভর্নর কুওমো LGBT অধিকারের একজন সমর্থক, বিশেষত 2011 সালে বিবাহ সমতা আইন (Marriage Equality Act) পাস করেন। এই বছরের জানুয়ারিতে,

গভর্নর জেন্ডার এক্সপ্রেশন অ-বৈষম্য আইনে (Gender Expression Non-Discrimination Act) স্বাক্ষর করেন, যা নিয়োগকর্তা, শিক্ষাপ্রতিষ্ঠান, বাড়িওয়ালা, ঋণদাতা এবং অন্যদেরকে লিঙ্গ পরিচয় বা অভিব্যক্তির ভিত্তিতে ব্যক্তির সাথে বৈষম্যমূলক আচরণ করাকে নিষিদ্ধ করে এবং লিঙ্গ পরিচয়ের ভিত্তিতে করা অপরাধ বা অভিব্যক্তিকে নিউ ইয়র্ক স্টেটের আইন আনুযায়ী হেইট ক্রাইম হিসেবে অভিহিত করে। এছাড়াও এই গত জানুয়ারিতে গভর্নর তথাকথিত LGBT রূপান্তর থেরাপির কুখ্যাত প্রথাকে নিষিদ্ধ করার জন্য আইনে স্বাক্ষর করেছিলেন।

এই বছরের জুনে, গভর্নর কুওমো সমকামী এবং ট্রান্স প্যানিক লিগ্যাল ডিফেন্সকে নিষিদ্ধ করে আইনে স্বাক্ষর করেন, যেটি LGBT লোকদের বিরুদ্ধে সহিংস অপরাধের জন্য অভিযুক্ত ব্যক্তিদের ভুক্তভোগীর যৌন দৃষ্টিভঙ্গি অথবা লিঙ্গ পরিচয়ের উপরে দোষ চাপানোর মাধ্যমে আরও কম সাজা পাওয়ার এবং কিছু কিছু ক্ষেত্রে, দণ্ডাদেশ এড়িয়ে যাওয়ার সুযোগ দেয়।

2018 সালে জুনে,অত্যন্ত গুরুত্বপূর্ণ সাশ্রয়ী পরিচর্যার আইনের (Affordable Care Act) সংস্থানের সম্ভাব্য হ্রাসের আশঙ্কায়, গভর্নর স্বাস্থ্য দপ্তরকে (Department of Health) নির্দেশ দেন এমন নিয়ম করতে যেন স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীরা ট্রান্সজেন্ডার রোগীদের প্রতি বৈষম্য প্রদর্শন না করতে পারে এবং আর্থিক সেবা দপ্তরকে (Department of Financial Services)-কে নির্দেশ দেন এমন নিয়ম করতে যেন স্বাস্থ্যবীমা পাওয়ার ব্যাপারে ট্রান্সজেন্ডার ব্যক্তিদের প্রতি বৈষম্যের বিরুদ্ধে সুরক্ষা বৃদ্ধি করা হয়।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন